

103/Beng(N)

UG/1st Sem/BENG-CC-103/24

২০২৪

বাংলা

[স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)]

(NEP পাঠক্রম অনুসারী)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-103

(বানানবিধি, প্রুফ সংশোধন, পরিভাষা, কন্টেন্ট রাইটিং)

[NEP-2020]

পূর্ণমান : ৩৫

সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫
- ক) কলকাতা বিশ্ববিদ্যালয় কত সালে বানানবিধি সংক্রান্ত প্রথম পুস্তিকাটি প্রকাশ করে?
- খ) Consumer Goods শব্দের পরিভাষা কী?
- গ) 'প্রুফ' শব্দের বাংলা অর্থ কী?
- ঘ) সঠিক বানান লেখো- 'বৃস'।
- ঙ) 'বাঙ্গালা ভাষার অভিধান' কার লেখা?
- চ) কন্টেন্ট রাইটিং-এর ওপর অনুসন্ধান করার জন্য সার্চ ইঞ্জিন এর নাম লেখো।
- ছ) 'Proof Corrections for Printers and Authors' কত সালে আমাদের দেশে প্রবর্তন করা হয়?
- জ) 'ষত্ব' বিধান অনুযায়ী তৎসম শব্দে ট, ঠ বর্ণের পূর্বে কোন বর্ণ বসবে?

[পরের পাতায়]

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

ক) পরিভাষা লেখো (যে-কোনো পাঁচটি):

Terminology, Hash sign, Offline, Copyright, Autocorrect, Homepage, Selfie, Viewers, Website, Trademark.

খ) বানান বিভ্রাটের অন্যতম কারণগুলি লেখো।

গ) বর্তমান সময়ে কন্টেন্ট রাইটিং কেন এত গুরুত্বপূর্ণ?

ঘ) কপি এডিটিং এবং প্রুফ রিডিং এর মধ্যে পার্থক্যসমূহ আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

ক) বাংলা বানান বিধি সংস্কারের ইতিবৃত্ত ও বিতর্ক সমূহ আলোচনা করো।

খ) পরিভাষা কাকে বলে? পারিভাষিক শব্দ বলতে কী বোঝায়? পরিভাষার গুণ বা বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

গ) কন্টেন্ট রাইটিং কি? ডিজিটাল মার্কেটিং এর যুগে কন্টেন্ট রাইটিং-এর প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করো।

ঘ) প্রুফ সংশোধন করো :

গ্রামের সঙ্গে নগরেরও উদ্ভাবন। সেখানে রাষ্ট্রশাসনের সক্তি পুঞ্জীভূত; সেখানে সৈনিকের দুর্গ, বনিকের পন্যশালা, বিদ্যাদান ও বিদ্যার্জনের উদ্দেশে বহু স্থান থেকে একক স্থানে শিক্ষক ও ছাত্রের সমাবেশ, দূর পৃথিবির সঙ্গে জাসোনানা দেনাপাওনার যোগ সেখানে মাটির বুকের পরে জগদল পাথর, জীবিকা সেখানে কঠিন, শক্তির সঙ্গে প্রতিযোগিতা। সেখানে সকল মানুষকে হার মানিয়ে একলা-মানুষ বড়ে হতে চাইছে । বাড়াবাড়ি না

হলে তারও ফল মন্দ নয়। ব্যক্তিস্বাতন্ত্র্য যদি অতিশয় চাপা পড়ে তা হলে ব্যক্তিগত শক্তির উৎকর্ষ ঘটে না। সমান-মাথা-ওয়ালা ঝোপ গুলির চাপে বনস্পতি বেঁটে হয়ে থাকে ব্যক্তিস্বাতন্ত্র্যের অত্যাকাঙ্ক্ষা অগ্নিবাস্পের ঠেলায় জনসঙ্ঘের সাধারণ আশ্রয়-ভূমিকে উঁচুর দিকে উৎখিপ্ত করে; উৎকর্ষের আদর্শ বেড়ে ওঠে, পরস্পরের নকলে ও রেসারেশিতে মানুষের শক্তির চরচা অত্যন্ত সচেতন হয়ে থাকে, জ্ঞানের ও কর্মের ক্ষেত্রে নবনবোন্মেষ সম্ভবপর হয়, নানা দেশের নানা জাতির চিত্ত-সমবায়ের বিদ্যার আয়তন প্রশস্ত হয়ে ওঠে।

[মূল পাণ্ডুলিপি:

গ্রামের সঙ্গে সঙ্গে নগরেরও উদ্ভব। সেখানে রাষ্ট্রশাসনের শক্তি পুঞ্জীভূত; সেখানে সৈনিকের দুর্গ, বণিকের পণ্যশালা, বিদ্যাদান ও বিদ্যার্জনের উদ্দেশ্যে বহু স্থান থেকে এক স্থানে শিক্ষক ও ছাত্রের সমাবেশ, দূর পৃথিবীর সঙ্গে জানাশোনা দেনা-পাওয়ার যোগ- সেখানে মাটির বুকের পরে জগদ্দল পাথর, জীবিকা সেখানে কঠিন, শক্তির সঙ্গে শক্তির প্রতিযোগিতা। সেখানে সকল মানুষকে হার মানিয়ে একলা-মানুষ বড় হতে চাচ্ছে। বাড়াবাড়ি না হলে তারও ফল মন্দ নয়। ব্যক্তিস্বাতন্ত্র্য যদি অতিশয় চাপা পড়ে তা হলে ব্যক্তিগত শক্তির উৎকর্ষ ঘটে না। সমান মাথাওয়ালা ঝোপগুলোর চাপে বনস্পতি বেঁটে হয়ে থাকে। ব্যক্তিস্বাতন্ত্র্যের অত্যাকাঙ্ক্ষা অগ্নিবাস্পের ঠেলায় জনসঙ্ঘের সাধারণ আশ্রয়-ভূমিকে উঁচুর দিকে উৎখিপ্ত করে; উৎকর্ষের আদর্শ বেড়ে ওঠে, পরস্পরের নকলে ও রেসারেশিতে মানুষের শক্তির চর্চা অত্যন্ত সচেতন হয়ে থাকে, জ্ঞানের ও কর্মের ক্ষেত্রে নবোন্মেষ সম্ভবপর হয়, নানা দেশের নানা জাতির চিত্ত-সমবায়ের বিদ্যার আয়তন প্রশস্ত হয়ে ওঠে।]